
শ্রীশ্রী শ্যামচন্দ্রোদয়



প্রকাশক ঃ- শ্রী কিশোরী দাস বাবাজী



॥ গ্রীগ্রীকৃষ্ণ চৈততা শরনম্॥

## सीसीयनक्षरा (गागान एतिछ

3

### भीमाम हिलाम्य

(দ্বাদশ গোপালের অন্ততম শ্রীখনঞ্জয় গোপাল ও শ্রীস্থলরানন্দ গোপালের শিষ্য শ্রীপানুয়া গোপালের মহিমা সম্বলিত )

ः क्रिकोव मश्डवप ::

এবৈশ্বৰ বিসাৰ্চ ইনকীটিউট হইতে— শ্লীকিশোৱী দাস বাবাদী কৰ্তৃক সম্পাদিত ও প্ৰকাশিভ

## सीसीनिणार (भौतात्र भूक्योम

জগদ্পুরু প্রীপাদ ঈশ্বরপূরীর প্রীপাট। প্রীচৈতগ্রড়োবা ॥। পো: হালিসহর উত্তর ২৪ পরগণা ॥। পশ্চিমবঙ্গ কোন২৫৮৫-৽৭৭৫

### প্রকাশক-

শ্রীকিশোরী দাস বাবাজী শ্রীচৈতক্ম ডোবা পোঃহালিসহর উত্তর ২৪ পরগণা। সম্পাদক কর্তৃক সর্বসত্ব সংরক্ষিত দ্বিতীয় সংস্করনঃ ১৪১৬ বঙ্গান্দ।

## ३ साखिद्याव ३

- ১। শ্রীকিশোরী দাস বাবাজী শ্রীচৈতক্সডোবা পোঃ হালিসহর উত্তর ২৪ পরগণা ' পশ্চিমবঙ্গ ফোন—২৫৮৫-৽৭৭৫
- ২। শ্রীনবকৃষ্ণ দাস ( নূপেন সাধু )
  শ্রীগুরুবলরাম আশ্রম ॥॥ গোপালপুর
  পোঃ—নয়াবাজার ॥॥ থানা—গলারামপুর
  দক্ষিন দিনাজপুর। ফোন—৯৪৭৪৪০৮০২০
- এীগ্রামস্থলরানল দেব গোন্ধামী
   শ্রীমন্মহাপ্রভূমন্দির নরপোতা পোংতমলুক পিন৭২১৬৩৬ পূর্ব মেদিনীপুর
- ৪। মহান্ত শ্রীনিবাস দাস মহারাজ সিদ্ধবকুল মঠ বালিসাহি।
   পুরী৭৫২০০১ উড়িয়া।
- প্রীম্বরণ দাস বাবাজী
   রাধানগর কলোনী, পোঃ- রাধাকৃত্ত,
   জেলা—মথুরা, উ: প্রদেশ

### **छिका- अँ** हिम है। का ।

মুদ্রাকর: শ্রীশ্রীপ্রাণকৃষ্ণ ভক্তি প্রেস ॥ শ্রীচৈতন্ত ডোবা ॥ হালিসহর

### श्रकामत्कत वित्ववव

কলিযুগ পাবন ঐপ্রীনিভাই গৌরাঙ্গ স্থানরের অহৈতৃকী করুণায় তৎ পার্বদ মহিমা বর্ণনমূলক গ্রন্থ প্রীধনপ্রয় গোপাল চরিত ও প্রীশ্যাম চল্রোদয় নামক গ্রন্থগানি প্রকাশিত হইল। প্রীশ্রীনিভাই গৌরাঙ্গ দেব সর্ব্ব অবভারের পার্বদ সমভিব্যবহারে ধরাধামে অবতীর্ণ হইয়া নামে প্রেমে জ্রিভ্বম ধন্য করিলেন। বিশেষতঃ ব্রদ্ধ পরিকরগন গৌর পরিকর রূপে প্রকট হইয়া পূর্ব্বভাবানুরূপ ভাবের উদ্দিপনে গৌরলীলায় বিচরণ করিয়াছেন।

> তথাহি—গ্রীগোরগণোদেশ দীপিকা—১৪ প্লোকঃ এষাং পার্ষদবর্গা যে মহাস্তঃ পরিকীর্ত্তিতাঃ। নিজ্যানন্দগনাঃ সর্ব্বে গোপালা গোপবেশিনঃ। এষাং সম্বন্ধ সম্পর্কাতৃপগোপাল সন্তমাঃ।

ব্রজের স্থাবৃন্দ নিজ্যানন্দ পার্ষদ হইয়া পুর্ব্বের গোপাল উদ্দিশনে লীলায় বিহার করিয়াছেন।

ভথাহি — শ্রীচৈতন্ত ভাগবতে অন্তে ৫ম অধ্যায়
"নিত্যানন্দ স্বরূপের পারিষদগন।
নিরবধি সবেই প্রমানন্দ মন॥
কারো কোন কর্ম নাই সংকীর্ত্তন বিনে।
স্বার গোপাল ভাব বাড়ে ক্ষণে ক্ষণে॥
বৈত্র বংশী শিলা ছাঁদ দড়ি গুলাহার।
ভাড় থাড়ু হাতে, পায়ে নুপুর স্বার॥
নিরবধি স্বার শরীরে কৃষ্ণভাব।
ভাক্রকম্প পুলক যতেক অনুরাগ॥
স্বার সৌন্দর্য্য যেন অভিন্ন মদন।
নিরবধি স্বেই করেন সংকীর্ত্তণ।"

প্রজের বস্থদাম সথাই শ্রীধনঞ্জয় পৃতিতর্মপে প্রকট হইয়াছেন। শ্রীধনঞ্জয় গোপালের মহিমা বর্ণনই আলোচ্য গ্রন্থের প্রতিপান্ত বিষয়। এই সকল ব্রজের গোপালগন গৌরলীলা সহায়ের জন্য গৌড়দেশে অবতীর্ণ হইয়াছেন। তাঁহাদের সম্পর্কে কবি কর্ণপুর গৌরগনোন্দেশ দীপিকা গ্রন্থে বলিয়াছেন।

তথাহি—১২৬-১৩৬ শ্লোকঃ পুরা জ্রীদামনামসীদভিরামোহধুনা মহান। দাজিংশতি জনৈরেব বাহাং কার্চমুবাহ যঃ॥ পুরা হুদাম নামাসীদস্য ঠাক্ত্র হুন্দর:। বস্থদাম স্থায় দ্চ পণ্ডিতঃ জ্রীধনপ্রয়: ॥ হ্বলো यः প্রিয় শ্রেষ্ঠ: স গৌরীদাস পণ্ডিত:। কমলাকর পিপ্পলাই নামাসীদেবা মহাবল ॥ স্বাহ্যো ব্ৰচ্ছে গোপো দত্ত উদ্ধারনাখ্যক:। মহেশ পণ্ডিত শ্রীমন্মহার্বাহুর জে সথঃ॥ স্তোককৃষ্ণং স্থা প্রাগু ধো দাস পুরুষোত্তমঃ। সদাশিব হুতো নামা নাগর: পুরুষোত্তম:॥ বৈভাবংশোন্তবা দামা যো রল্লবো ব্রজে। नामार्ज्नः मेथा व्यानात्मा पामः जीलत्रामधतः ॥ কালা একুঞ্চদাসঃ স যোলবঙ্গ স্থা ত্রছে। খোলাবেচা ভয়া খ্যাতঃ পণ্ডিতঃ শ্রীধর দ্বিজ্ञ:॥ আসীদ ব্রজে হাস্যকারী যো নামা কুসুমাসবঃ।

অভিরাম শ্রীদান, ফুলরানন ঠাকুর সুদাস, ধনপ্রয় পণ্ডিত বস্থান, গৌরীদাস পণ্ডিত স্থবল, কমলাকর পিপ্পালাই মহাবল, উদ্ধারণ দত্ত স্থবাত্ত,
মহেশ পণ্ডিত মহাবাত্ত, পুরুষোত্তম দাস স্তোককৃষ্ণ, নাগর পুরুষোত্তম দাম,
পরমেশ্বর দাস অর্জ্জন, কালা কৃষ্ণদাস লবক্ত প্রশীধর পণ্ডিত কুসুমাসব
এইভাবে ব্রজের ঘাদশ গোপাল এই ঘাদশ নামে অবতীর্ণ হইলেন।
আলোচ্য প্রস্থে ধনপ্রয় গোপালের মহিমা বর্ণনই মুখ্য উদ্দেশ্য। তৎসঙ্গে

ফুলরানন্দ গোপালের শিশু পানুয়া গোপালের মহিমামূলক শ্রীশ্যাম-চন্দ্রোদয় গ্রন্থানি প্রকাশিত হইল।

ধনপ্তয় গোপালের মহিমামূলক তথ্য সংগ্রহে পুরুলিয়া বেগুনকোদর
বাসী ধনপ্তয় গোপাল বংশীয় প্রীপ্রকৃত্র কমল গোস্বামী ধনপ্রয় গোপালের
তাইক ও স্চকাদি প্রদান করিয়া অশেব করুণা প্রদর্শন করিয়াছেন।
তাঁহার প্রদত্ত তথ্যাদি পরিবেশন করিয়া ধনপ্রয় গোপালের মহিমা প্রচারে
ব্রতী হইলাম। ইতিপূর্বে ১০৮০ সালে মং প্রণীত প্রীপাদ ঈশ্বরপুরী
পাজিকার ২য় বর্ষ ১ম সংখ্যায় প্রকাশিত হইয়াছিল। অধূনা গ্রন্থাকারে
প্রকাশিত হইল। এতংসঙ্গে প্রীস্তুন্দরানন্দ গোপালের শিল্প প্রীপানুয়া
গোপালের বংশধর প্রীজগদানন্দ পণ্ডিত বিরচিত প্রীশ্রাম চন্দ্রোদয় গ্রন্থ
খানি প্রকাশ করিয়া সুন্দরানন্দ গোপালসহ তংশিল্প প্রীপানুয়া গোপালের
প্রেমানুরাগের বৈচিত্র প্রকাশে সচেষ্ট হইলাম। স্থবী ভক্তবৃন্দ আমার
জ্ঞানাজ্ঞানকৃত সর্ববিধ ক্রটি মার্জ্জনা করিয়া নিত্যানন্দ পার্ষদ গুন মহিমা
আস্বাদনে ধল্প হউন। গৌরপ্রেমের অমিয় শরশে মানব জীবন ধল্য
করুন। জয় নিতাই জয় গৌর স্থন্দর।

গ্রীগ্রীপ্রাণকৃষ্ণ ভক্তি মন্দির
জগদগুরু গ্রীপাদ ঈশ্বরপুবীর গ্রীপাট।
গ্রীচৈতন্যডোবা॥ পোঃ— হালিসহর।
উত্তর ২৪ পরগণা।

শ্ৰীগুৰু বৈষ্ণব কুপাভিলাষী শ্ৰীপাট। দীন চালিসহৰ। কি**শোৱী দাস** 

দ্বিভীয় সংস্করণের নিবেদন—

শ্রীশ্রীধনপ্পয় গোপাল চরিত ও শ্রীশ্রীশাসচন্দ্রোদয় গ্রন্থথানি দীর্ঘদিন অপ্রকাশিত ছিল। ভক্তগনের অনুরোধে পুনঃমূদ্রণ ঘটিল। প্রথম সংস্করনের পরিবর্দ্ধিত ও পরিমার্ডিত ভাবে বিতীয় সংস্করণটি প্রকাশিত হুইল।

১৪১৬ বঙ্গান্দ জ্রীজগনাথ দেবের জ্রীস্নান যাত্রা নিবেদক— শুগুরু বৈষ্ণব কুপাভিলাৰী কিশোরী দাস।

### सीसीयवस्य (नाभात्वत कीवव एविए—

শ্রীধান বৃন্দাবনে ব্রজরাজ নন্দন মুরলী মনোহর শ্রীকৃষ্ণের দাদশ স্থার মধ্যে বস্ত্দাম একজন। সেই বস্ত্দামই শ্রীগোরাজ লীলায় শ্রীধনপ্তয় গোপাল নামে আবিভূতি হন। শ্রীপাদ রূপ গোস্বামীর বিরচিত লঘু শ্রীশ্রীরাধাকৃষ্ণ গনোন্দেশ দীপিকা গ্রন্থের বর্ণনে ব্রজলীলায় বস্তদামের পিতা স্তদ্দিন, মাতা ভদ্রা ও কনিষ্ঠ ভ্রাতা অজ্জুন স্থা বলিয়া বর্ণন করিয়াছেন।

তণাহি— প্রীপোর গনোদেশ দীপিকা—
বস্থদাম সথায়শ্চ পণ্ডিত প্রীধনপ্রয়।
তথাহি— প্রীজনন্ত সংহিতা—
বস্থদেব প্রিয় সথং প্রীধনপ্রয় পণ্ডিতঃ।
তথাহি— প্রীচৈতন্য গনোদেশ (কৃষ্ণদাস কবিরাজ)
বস্থদাম নাম হবে পণ্ডিত ধনপ্রয়।
তথাহি— প্রীপাট পর্যটনে—
জাড়গ্রামে জন্মভূমি জলুন্দীতে বাস।
বস্থদাম ধনপ্রয় জানিবা নির্যাস॥
তথাহি— শ্রীপাট নির্ণয়ে—
সাঁচড়া পাঁচড়া করন্দা শীতল গ্রাম।
ধনপ্রয় পণ্ডিতের সেবা অনেক বিধান ।

তথাহি— বৈষ্ণর বন্দনীয়—
পণ্ডিত শ্রীধনঞ্জয় করিল বন্দনা।
প্রাসিদ্ধ বৈরাগ্য ধার সংসারে ঘোষণা।
লক্ষকের গারিস্ত যে প্রভুর পায় দিয়া।
ভাগু হাতে করি গেলা কৌপীন পরিয়া।

শ্রীধনপ্রর পঞ্জিত চট্টগ্রাম জেলায় জাড়গ্রামে আবিস্থৃত হন। পিতা শ্রীপত্তি বন্দ্যোপাধ্যায় মাতা কালিন্দী দেবী। ১৪০৬ শকান্দে চৈত্র শুক্র। পঞ্চমী তিথিতে তিনি আবিস্থৃতি হন।

শ্রীধনপ্তায় গোপাল সূচকে -

আরে মোর পণ্ডিত ধনপ্পয়।

শ্রীপতি বিশ্রের সৃত কালিন্দীর গর্ভজাত
জাড়গ্রামে হইলা উদয়॥

অল্প বয়স হইতে কৃষ্ণভক্তগন সাথে
থাকে কৃষ্ণকথা আলাপনে।

অতুল ধনের পতি, পিতা তাঁর স্প্রেহে অভি
পুত্রধনে করয়ে পালন॥

স্থানের শ্রীছরিপ্রিয়া নানা অলস্কার দিয়া,
পুত্রে আনি করি সমর্পন।

বিবিধ বিলাস দ্রব্য অগ্রেতে ধরয়ে নিতা,
ফরাইতে তনয়ের মন॥

পিতা মাতা অদর্শনে, প্রবল বৈরাগ্য মনে,
ধন সম্পদ সব তেয়াগিলা।

শ্রীগোরাক্স শ্রীচরণে করি আত্ম সমর্পনে
প্রেমভাণ্ড গ্রহন করিলা॥

পিতা প্রীপত্তি বন্দ্যোপাধ্যায় বিশাল ধনশালী ছিলেন। পুত্রের বিষয় বৈরাগ্য উপলব্ধি করিয়া প্রীহরিপ্রিরা নামে এক স্থন্দরী কন্সার সহিত বিবাহ দিয়া প্রবল বিলাসবাসনের মধ্য দিয়া চালিত করিতে লাগিলেন। ধনপ্রয় পিতার মনতৃষ্টির জন্ম বিলাসে মগ্র থাকিলেও অস্তরে প্রীকৃষ্ণভক্তি যাজন করিতে লাগিলেন। পিতামাতা অস্তর্ধানের পর সর্ব্বস্থ ত্যাগ করতঃ নবদ্বীপে জাগমন করিলেন। তাই দেবকীনন্দন দাস বৈষ্ণব বন্দনার গাহিরাছেন—

#### বিলাসী বৈরাগী বন্দ্যো পণ্ডিত ধনঞ্জয়। সর্বস্ব প্রভুরে দিয়া ভাগু হস্তে লয়।

শ্রীমন্মহাপ্রভুর নবদীপে নামপ্রেম প্রচার লীলাকাহিনী প্রবনে আকৃষ্ট হইয়া নবদীপে আগমন করতঃ শ্রীশ্রীনিতাই গৌরাঙ্গদেবের সহিত মিলিত হইলেন। গৌরাঙ্গদেব সন্ন্যাস গ্রহন করিয়া নিলাজী গমন করিলে ধনঞ্জয় নিলাজি গমন করিলেন। প্রভু নিজানন্দ গৌরাঙ্গের আদেশে গৌড়দেশে প্রেম প্রচারকার্য্যে আগমনকালে দ্বাদশগোপাল সঙ্গে ধনঞ্জয় গৌড়দেশে আগমন করিলেন।

#### তথাছি- পদং-

গৌরাজ আদেশ পায়া, নিভাই বিদায় হয়া, আইলেন গৌডমগুলে। গৌরীদাস অভিরাম, ধনপ্তয় গুনধাম কীর্ত্তন বিহার কুতুহলে॥ রামাই সুন্দরানন্দ ৰস্তু আদি ভক্তবৃন্দ সভত কীর্ত্তন রসে ভোলা। পানিহাটী গ্রামে আসি গঙ্গাতীরে পরকাশি রাঘব পণ্ডিতসহ মেলা॥ সকল পার্যদ লয়া গৌরপ্রেমে মত হয়া ্বিচরয়ে নিত্যানন্দ রায়। পতিত তুৰ্গত দৈখি হইয়া করুণ আঁখি প্রেম রত্ন জগতে বিলায়॥ ছরিনাম চিন্তামনি দিয়া জীবে কৈলা ধনি পাপ তাপ তৃঃখ দূরে গেল। পড়িয়া বিষম ফাঁদে না ভজি নিতাই চাঁদে প্রেমদাস বঞ্চিত হইল।

প্রভূ নিত্যানন্দ পানিহাটী গ্রামে গঙ্গাতীরে বটবৃক্ষমূলে জ্রীন্স রঘুনাথ দাস গোস্বামীকে কুপা উপলক্ষ্যে ব্রজেরপুলীন ভোদ্ধনলীলা অনুক্রমে চিড়াদ্ধি মহোৎসবলীলা অনুষ্ঠান করেন। সে সময় ধনঞ্জয় প্রভূ নিত্যানন্দের সমীপে বিবাজ করিয়া লীলারস আস্থাদন করিয়াছেন।

তথাহি— জ্রীচৈঃ চং অন্তঃখণ্ডে ৬৯ পরিং —
রামদাস স্থাননাদ দাস গদাধর।
ম্রারি কমলাকর সদাশিব পুরন্ধর ॥
ধনপ্তর জগদীশ পরমেশ্বর দাস।
মহেশ গৌরীদাস আর হোড় কৃষ্ণদাস॥
উদ্ধারন দত্ত আদি যত আর নিজ্ঞন।
উপরে বসিলা সব কে করে গণন॥

এই দণ্ড মহোংসব লীলাকালে প্রভ্ নিত্যানন্দ নিজ গলদেশস্থিত শিলা মূর্তিটি গ্রীধনঞ্জয় গোপালকে প্রদান করেন। এবং প্রেম প্রচারের স্নাদেশ করেন।

তথাহি— শ্রীরাধাবিনোদ সেবা প্রকাশে—
প্রভু নিত্যানন্দ শিলা নুরসিংহ দেবে।
ধনপ্রয়ে সমর্পিলা দণ্ড মহোৎসবে।

প্রভূদত শিলামূর্ত্তি বক্ষে ধারন করিয়া ধনঞ্জয় প্রভূর আজ্ঞা পালনের জন্ত প্রেম প্রচার কার্য্যে বন্ধী হইলেন।

ভথাহি - শ্রীধনশ্বর গোপাল স্কৃতকে -পাই নিত্যানন্দ রাম, ধনপ্তর গুনধাম,
প্রেমাবেশে নিমগ্র সদাই।
ভাজা হৈলা তার প্রতি, ভাসাইতে রাচুকিতি,
সংকীর্তন প্রেমের বহায়।

শ্রীউপ ক্ষজিয়গনে, প্রেম দিলা হাই মনে,
বর্জমান শীতল গ্রামেতে।
শ্রীগোরাঙ্গ গোপীনাথ, সেবা স্থাপিত অচিরাৎ,
আকর্ষিল সর্বজন চিতে
সাঁচড়া পাঁচড়া গ্রামে, উদ্ধারিতে জীবগনে,
প্রেমে মাতি বুলে সব ঠাই।
বৃন্দাবন আদি তীর্থ, ভ্রমিয়া আনন্দে কত,
বাসকৈলা শ্রীজলুন্দী গাঁয়॥
বহুটিতন্য পুত্রধনে, সন্ত্র দিয়া করি ধক্ষে,
নিত্যানন্দ দত্ত শালগ্রাম।
সেবা সমর্পন করি, রাধাবিনোদ সেবহ বলি,
স্ব ইচ্ছায় হৈলা অন্তর্জান॥

প্রত্থ নিজ্যানন্দের আদেশে রাচ্দেশে প্রেম প্রচার কালে প্রীউগ্র ক্ষজির-গনকে প্রেমদান করিয়া বর্দ্ধমানের শীতল গ্রামে প্রীগৌরাঙ্গ গোপীনাথ সেবা ও ভাগুসেবা স্থাপন করেন। সাঁচড়া পাঁচড়াদি স্থানে প্রেম প্রচার করিয়া জলুন্দীতে প্রীরাধাবিনোদ ও প্রভূ নিজ্যানন্দ প্রদত্ত প্রীনৃসিংহ শাল গ্রাম সেবা স্থাপন করেন। এই সেবা নিজ পুত্র যতুচৈতক্যকে মন্ত্র দীক্ষা দিয়া প্রদান করেন।

তথাহি— জ্রীজ্রীরাধাবিনোদ সেবা প্রকাশে—

একদিন ধনঞ্জয় জানন্দিত মনে।

শ্রীযত্তৈততে কহেন মধুর বচনে।
ভান বাপ যত্ চৈততা বাছাধন।
তোমারে প্রভুর সেবা দিতে মোর মন।
মন্ত্র দিয়া ধনঞ্জয় সেবা সমর্শিলা।
মন্ত্র সেবা পাইয়া যত্ কৃতার্থ মানিলা।

এই ভাবে প্রভ্র জাদেশে জীবোদ্ধার করিয়া পুজের হস্তে দেবা অর্পন করতঃ নিজ্যানন্দ অন্তর্ধানে বিরহায়িত ধনঞ্জয় শ্রীধাম বৃন্দাবনে গমনকরিয়া লীলা অবসান করেন। বৃন্দাবনে চৌষট্টি মহান্ত সমাধি মন্দিরে তাঁহার সমাধি বিদ্যমান।

#### वोत्रम् कर्क्क यम्रेम्डला वाच्यक अन्त ।


প্রভূ নিত্যানন্দের পুত্র প্রভূ বীর চক্র ধনঞ্জয় গোপালের পুত্র মত্তৈতক্ত ঠাকুরকে নাম প্রেম প্রচারের জন্ম একটি নামত্রক্ষ শীলালিপি প্রদান করেন।

প্রীজনুন্দী পার্টের প্রাচীন পুঁধি হইতে সংগৃহীত।

ধনপ্রা হত ঠাকুর ষত্ত চৈত্র। নাম প্রেম দানে যিনি সর্বব অগ্রগন্য॥ কাঁদরা গ্রামেতে আইলা প্রভু বীরচন্দ্র। শুনি দরশনে গেলা শ্রীযতুচৈতকা। মঙ্গল ঠাকুর আদি কবি জ্ঞানদাস। যতুরে পাইয়া স্বার পর্ম উল্লাস। প্রভূ বীরচন্দ্র যতুরে করি আলিঙ্গন। 'এস এস' বলি কহে মধুর ৰচন। রাচদেশে উগ্র ক্ষিত্রিয়গনের নিবাস। নাম প্রেম দিয়া কর ভক্তির প্রকাশ। এত বলি খুলিলেন সম্পূট ভাপনি। भौगानिथि नामबन्त भिग्ना अग्रस्तनि॥ हरत कुक हरत कुक कुक कुक हरत हरत। ছরে রাম হরে রাম রাম **রা**ম হরে হরে ॥ ধর বাপ নামব্রহ্ম করহ প্রচার ! কলিহত জনগনে করহ উদ্ধার।

#### প্রভূ বীব্চন্দ্র কুপা পাইয়া চৈত্ত্য। কান্তুরাম গুনগায় নিজে মানি ধন্য॥

এইভাবে কাঁদরাগ্রামে প্রভূ ধীরচন্দ্র সমীপে যতুচৈততা নামব্রন্দ শিলালিপি প্রাপ্ত হন এবং শ্রীপার্ট জলুন্দীতে শ্রীরাধাবিনোদের মন্দির স্থাপন করেন। পরবর্ত্তী কালে শ্রীযতুচৈততা ঠাকুরের চতুর্থ অধ্যস্তন শ্রীম্বরপর্টাদ ঠাকুর পুরুলিয়া দেশে বেগুনকোদর গ্রামে গিয়া বাস করেন। সেই সময় তিনি জলুন্দী পার্ট হইতে প্রভূ বীরচন্দ্র প্রদত্ত শ্রীনামব্রন্দা শিলালিপি লইয়া পুরুলিয়ার আগমন করেন। অভ্যাপি বেগুনকোদর গ্রামে শ্রীম্বরপর্টাদ ঠাকুরের চতুর্থ অধ্যস্তন শ্রীপ্রফুল্ল কমল ঠাকুরের গৃহে সেবিত হইতেছেন।



अना य अभा

Constitution of the second

### स्रोगाउँ विवत्र

শীতলগ্রাম ঃ—শীতলগ্রাম বর্দ্ধমান জেলায় অবস্থিত। বর্দ্ধমান-কাটোয়া রেলপথে কৈচর প্রেশন হইতে এক মাইল উত্তর পূর্ব কোনে অবস্থিত। শ্রীধনঞ্জয় ঠাকুর শীতলগ্রামে উগ্রহ্মবিয়গনকে প্রেমদান করিয়া শ্রীমন্মহা-প্রভু ও শ্রীরাধাগোপীনাথের সেবাস্থাপন করেন এখানে ধনপ্রয়গোপালের ভাগুসেবার জন্ম জীবনকৃষ্ণ, কমলকৃষ্ণ ও ভ্বনমোহন ব্রাহ্মনত্র্যকে দীক্ষা প্রেদানপূর্বক এই সেবা অর্পন করেন। বর্ত্তমানের সেবাইতগন তাঁদেরই বংশধর। উপাধি অধিকারী।

মতাস্তরে শ্রীপাট শীতলগ্রামে শ্রীধনপ্রর পণ্ডিতের প্রতা সপ্তর পণ্ডিতের বংশধরগন সেথানে সেবাইত। সোদপুর প্রভৃতি গ্রামে বাস করেন। তাঁরা ধনপ্রর পরিবার নামে খ্যাত। বন্দ্যোপাধ্যায়, চৌধুরী ও অধিকারী উপাধিতে মণ্ডিত।

জলুন্দী: শ্রীপাট জলুন্দী বীরভূম জেলায় অবস্থিত। হাওড়া ষ্টেশন হইতে বর্দ্ধমান-বরাকরের মধ্যবর্তী খানা ষ্টেশন। খানা সাঁইথিয়া মধ্যবর্তী বোলপুর ষ্টেশন। তথা হইতে পালিতপুর রোড়গামী বাসে বঙ্গ চক্র (বেংচাতরা) নামিয়া দেড় মাইল দূরে শ্রীপাট অবস্থিত। এখানে শ্রীরাধা বিনোদ ও প্রভূ নিত্যানন্দ প্রদক্ত নরসিংহ শিলামূর্ত্তি বিরাজমান। শ্রীপাট জলুন্দীর মন্দির সংলগ্ন পদকর্তা শ্রীবিশ্বস্তব ঠাকুরের সিদ্ধস্থান ও বিনোদচ্য়া পুকুর। গ্রামের প্রান্তভাগে বিনোদডাঙ্গী। সেখানে প্রতিবং সর মাঘী পূর্ণিমাতে বিনোদ মেলা' নামে একটি উৎ সব অনুষ্ঠিত হয়।

শ্রীধনপ্তয় গোপালের বংশধরগন জলুন্দী ভিন্ন মূলুক, কুমড়ে, ভেদো, কমা, অবজলপুর, কাঁদরা, পুরুলিয়ার বেগুন কোদর প্রভৃতি স্থানে বাস করিতেছেন।

মূলুক: — গ্রীপাট মূলুক বীরভূম জেলার বোলপুর ষ্টেশনের সনিকটে অবস্থিত। এখানে ধনপ্পর গোপালের পৌত্র গ্রীকান্তরাম ঠাকুরের গ্রীরাধা বল্লভ ও গৌরাঙ্গ সেবা বিভামান। শ্রীকান্তরামের শ্বৃত্তি উৎ সব উপল ফ্যে

বেগুনকোদর: পুরুলিয়ায় অবস্থিত। গ্রীধনপ্তয় গোপাল পুর প্রীষত্ হৈততা ঠাকুরের চতুর্থ অধঃস্তন শ্রীধরূপ চাঁদ ঠাকুর পুরুলিয়ার গ্রামে বাস করেন। সেই সময় জলুনী পাট হইতে শ্রীবীরচন্দ্র প্রভু প্রদত্ত নামব্রক্ষা শিলালিপি লইয়া আসেন। অভাপি বেগুনকোদর গ্রামে শ্রীধরূপ চাঁদ ঠাকুরের অধঃস্তন শ্রীনিমাই চাঁদ ঠাকুরের পুরে শ্রীপ্রফুল্লকমল ঠাকুরের গৃহে সেবিত হইতেছেন। এইস্থানে নামব্রক্ষ সেবিত হওয়ায় ইহা জলুনীপাটের শাখাপাটরূপে উল্লেখযোগ্য।

সাঁচড়া পাঁচড়া : সাঁচড়া পাঁচড়া বৰ্দ্ধমান জেলায় অবস্থিত। ব্যাণ্ডেল বৰ্দ্ধমান রেলপথে মেমারী ষ্টেশন। এখান হইতে তুই ক্রোশ সাত দেউলে তাজাপুর। তথা হইতে এক ক্রোশ সাঁচড়া পাঁচড়া গ্রাম।

তথাছি পাট নিৰ্ণয়ে

সাঁচড়া পাঁচড়া করন্দা শীতল গ্রাম। ধনপ্রয় পণ্ডিতের সেবা অনেক বিধান॥

# सी भीथवक्षय (गांशांत हिर्देष्ठ । सीसीगांस हत्साम्य

—:अशावसः—

#### अञ्चित्रवाम (भागानाक्रकः

অঙ্গ নিত্য রঙ্গ নিত্য নিত্য দ্রাব পালকং।
ভক্তি নিত্য গোপালস্থ নিত্য দেবাকারকং॥
ভক্তিপর শব্দ ধীর নিত্যভাব ভাবিতং।
ধনপ্তয় পণ্ডিতেন কৃষ্ণপ্রেম দর্শিতং॥ ১

পূর্ব্ব দিব্যরপধারী নটবরবেশিনং।
গোধূলি ধূসর তন্ত্ব শিথিপুচ্ছধারিনং॥
কটিতটে পীতধটি বনমালা বেপ্তিতং।
ধনঞ্জয় পণ্ডিতেন কৃষ্ণপ্রেম দর্শিতং॥ ২

বর্ণোৎকর্ষ জ্ঞান জ্যেষ্ঠ শান্তোভাব দাসিনং। কীর্ত্তিমন্ত বশোধর্ম বেদ ধর্ম পালকং॥ সংক্লিজ ধর্ম কর্ম্ম ভক্তি ধর্মমান্থিতং। ধনপ্তর পণ্ডিতেন কৃষ্ণপ্রেম দর্শিতং। ৩ সেবাধর্ম স্থাপনাদি গৌড়দেশ বিস্তারং।
দিব্যজ্ঞান প্রেমদান সর্ব্বজীব নিস্তারং॥
দর্শনে স্পূর্শনে কন্ত নিজ ভাবনাস্থিতং।
ধনঞ্জয় পণ্ডিতেন কৃষ্ণপ্রেম দর্শিতং॥ ৪

শাস্তাঙ্ক্র ক্ষমাধীর সংকীর্ত্তন চেষ্টীতং। ভাবোদগম লোমহর্ষ সর্বব গাতা পূর্ণিতং। নেত্রকান্তি জ্যোৎস্না শান্তি শান্তাম্বর বেষ্টিতং ধনপ্রয় পণ্ডিতেন কৃষ্ণপ্রেম দর্শিতং। ৫

চম্পকাঙ্গ ভক্তসঙ্গ চন্দনাদি চর্চিচতং।
তানগান শান্তিমন্ত শ্রীচৈততা রঙ্গভাবে মূর্চিছতং।
শ্রীচৈততা কুপানিতং রাধাকৃষ্ণ ভাবিতং।
ধনগ্র পণ্ডিতেন কৃষ্ণপ্রেম দর্শিতং। ৬

প্রেমমন্ত ভক্তিতত্ত্ব লোকশিক্ষা কারকং।
দয়াবাস গৃহিত্বান সর্ব্বজীব পালকং॥
নিজকীত্তি সর্ব্বস্যাদি প্রভূপাদে অপিতং।
ধনঞ্জর পণ্ডিতেন কৃষ্ণপ্রেম দর্শিতং॥ ৭

প্রভূপ্রিয় অতিরিক্ত পঞ্চমরস ধারনং। রসপঞ্চ পাত্র ভাগু করে ধরি ভ্রমিতং। শ্রীরন্দাবন আদি যত সর্ববর্তীর্থ ভ্রমিতং। ধনঞ্জয় পণ্ডিতেন কৃষ্ণপ্রেম দর্শিতং। ৮

ইতি— শ্রীষত্তৈতক্ত ঠাকুর বিরচিত শ্রীধনপ্রয়াষ্টকং

#### खोधवक्षय (भागात्वय अात

স্থানি নর্তকো মোলী সুন্দর শ্রাম বিগ্রহ।
পূলক স্বেদ সংযুক্তং মালা চন্দন ভূষিতং ॥
রমনীনাং পরিধানং বস্তুদামস্য প্রস্থাতিতাং।
বজলীলা প্রকাশান্তে নৌমি মদন সুন্দরী ॥
গৌরপদে সর্বতেজ বৈরাগ্য রসপূরক।
রূপমার্গ সদামগ্র প্রেম ভাবেন ভাবিত ॥
ধর্ম কর্ম যস্ত নাস্তি সদা বিগ্রহ সেবনং।
শ্রীধনপ্রয় পণ্ডিতেন হং নমামি সদা প্রভা ॥

( গ্রীপাট জলন্দীতে সংরক্ষিত হস্তলিপি হইতে প্রাপ্ত )

( 2 )

ধনপ্রয়ং বস্তুদামং শ্যামলং পীতবসনং। দ্বিভূজং বেনুহস্তঞ্চ গোপবেশং ধরং ভজে।

\* গ্রীধনজয় গোপালের প্রনাম \*

হরিনামাঙ্কে সর্বাঙ্গ সদা তদ্ভাব প্রিত। ধনঞ্জয় বস্থদাম গোপালায় নমো নম:॥

#### ः बोवतक्षव (भागात्वव मृतकः

আরে মোর পণ্ডিত ধনঞ্জয়। শ্রীপতি বিপ্রের হৃত, কালিন্দীর গর্ভদ্বাত,

জাডগ্রামে হইলা উদয়॥ অল্ল বয়স হৈতে. কৃষ্ণভক্তগন সাথে, পাকে কৃষ্ণকথা আলাপনে। অতুল ধনের পতি, পিতা তাঁর স্নেহ অতি, পুত্রধনে করয়ে পালনে। ञ्चन ती खीरति खिया, नाना जनकात पिया, পুত্তে আনি করে সমর্পন। বিবিধ বিলাস দ্রব্য, অগ্রেতে ধরয়ে নিত্য, ফিরাইতে তনয়ের মন॥ পিভার সম্ভোষ লাগি, বিলাসীর প্রায় থাকি, কৃষ্ণভক্তি সাধে সঙ্গোপনে। শুনিয়া গৌরাঙ্গ গুন, প্রান হৈল উচাটন, বিকাইতে ও-রাঙ্গা চরনে॥ পিতামাতা অদর্শনে, প্রবল বৈরাগ্য মনে. ধন সম্পদ সব তেয়াগিলা। শ্রীগোরাঙ্গ শ্রীচরনে, করি আত্ম সমর্পনে, প্রেনভাগু গ্রহন করিলা॥ নিত্যানন্দে না হেরিয়া অতি উৎকণ্টিত হিয়া अन्नि शिकुत पर्नित। পূর্বভাব প্রকাশিল তনুমন সম্পিল নানা কাকুতি মিনতি বচনে॥ কৃষ্ণস্থা বস্থদাম পাই নিভ্যানন্দ রাম निर्मिषिमि मश्कीर्त्तमा छ। ফিরয়ে নিতাই সনে কি আনন্দ হৈল মনে। ৰণিবারে নাহিক শক্তি॥ ঞ্জীগোরাক আজ্ঞামতে, গোড়ভূমি উদ্বারিতে, নিভ্যানন্দ পানিহাটী গ্রামে।

ধনঞ্জয় আদি সঙ্গে, আসি তথা মহারকে, মত কৈলা স্থাবর জন্সমে। পাই নিত্যানন্দ রাম ধনগুর গুনধাম প্রেমাবেশে নিমগ্র সদাই। আজ্ঞা লইয়া তাঁর প্রতি ভাসাইতে রাচু ক্ষিতি সংকীর্ত্তন প্রেমের বন্থায়। এউগ্র ক্ষরিয়গনে প্রেম দিলাবিছাই মনে বৰ্দ্ধমান শীতল গ্ৰামেতে। ঞ্জীগোরাঙ্গ গোপীনাথ সেবা স্থাপি অচিরাৎ আক্ৰিল সৰ্বজন চিতে॥ সাঁচড়া পাঁচড়া গ্রামে উদ্ধারিতে জীবগনে প্রেমে মাতি বলে সব ঠাই। বৃন্দাবন আদি ভীর্থ ভ্রমিয়া আনন্দে কত राम रेकना खीजनूनी गाँर ॥ যতুচৈভতা পুতা ধনে মন্ত্র দিয়া করি ধত্যে নিজ্যানন্দ দত্ত শালপ্ৰাম। সেবা সমর্পন করি রাধাবিনোদ সেবহ বলি স্ব ইচ্ছায় হৈলা অন্তর্ধান । হা! হা! প্রভূ ধনপ্রয় গৌরাঙ্গ প্রেমময় নিত্যানন্দ পার্ষদ প্রধান। कुष्णां अकिकात छेन्नातियां निज्ञ छत्न ভৰ জীচরনে দেহ স্থান ॥

\* শ্রীশ্রীরাধাবিনোদ সেবা প্রকাশ \*

অপূর্ব জলুন্দী গ্রাম দেখিতে স্থন্দর। রাধাবিনোদের সেবা অতি মনোহর॥ প্রভূ ধনপ্রয় ঠাকুর ছিল নাম যার। শীতল গ্রামেতে ভাগুসেবা তাঁর॥ শীতল গ্রামের লোক সেই ভাগু সেবে। জলুकीएक शालन विताम नृतिःश्रमत्व ॥ প্রভু নিভ্যানন শিলা নরসিংছদেবে। ধনপ্রয়ে সমর্পিলা দণ্ড মহোৎসবে॥ একদিন ধনপ্তয় আনন্দিত মনে। শ্রীযত্তিতত্তে কহেন মধুর বচনে। শুন বাপ ষতুচৈততা বাছাধন। ভোমারে প্রভুর সেবা দিতে মোর মন ৷ মন্ত্র দিয়া ধনজয় সেবা সমর্পিলা। মন্ত্র সেবা পাইয়া যতু কৃতার্থ মানিলা। পূর্বভাব স্মরি যতু আনন্দিত মন। पिवानिशि कुक्षभारम नार्ट अञ्चलन ॥ অন্ন ব্যঞ্জন সব পরিপার্টি করি। প্ৰেমসহ বিধিমত দিৰসেতে সারি ॥ সন্ধাকালে বিনোদের আরতি বৈজিল। জলুন্দীর লোক সবে কৃতার্থ মানিল॥ अशूर्व पर्भन त्राधावित्नाप युगल। হেরিয়া ভক্তগন প্রেমেতে পোগল # সেবার বিধান কন প্রেমে পুলকিত। গৌর কৃষ্ণ বলি নাচে সুমধ্র গীত ॥

জয় জয় রাধাবিনোদ গায় ভক্তগন। जल्मी इरेन माकार नवत्रमावन॥ প্রভুর আদেশে সেবার বিধান করিল। প্রেমেতে করিবে সেবা পুত্রে জানাইল। চোদ্দপোয়া উষ্ট অন মধাক কালেতে। সাধ্যমত ব্যাঞ্জনাদি পায়স করিবে। বৈকালে শীতল দিবে ভিজান কলাই। বারটি করিয়া খণ্ড সমর্পিবে তাই। নিশিকালে তুগ্ধসহ বারথগু দিবে। विष्ठि भयाय वितार भयन कतारव॥ প্রভাতে অর্চনা সারি ফলাদির ভোগ। **ठन्तन ज्लमी निर्व मर्स्य मन्स्यान** ॥ অতিথি সে বিবে সদা কায়বাক্য মনে। অভিপি সেবনে ভক্তি লভে সর্বজনে॥ কাঙ্গাল ভক্তের সেবা শুন বাছাধন। জলুন্দীতে বিনোদ সেবা গায় সর্বজন॥ পণ্ডিত ঠাকুরের জাজ্ঞা পাইয়া চৈতক্স। কালুরাম গুন গায় নিজে মানি ধ্যা।

ইতি - গ্রীধনপ্রয় গোপালের পৌত্ত গ্রীরামকানাই ঠাকুর প্রণীত গ্রীপাট জলুন্দীর গ্রীরাধাবিনোদ দেবা প্রকট বর্ণন সমাপ্ত।

( এপার্ট জনুন্দী এপার্টে রক্ষিত হস্তলিপি হইতে সংগৃহীত।)

# सीसीमास हत्साम्य

শ্রীশ্রামচন্দ্রের প্রত্থানি শ্রীস্থলরানন্দ গোপালের শিষ্য শ্রীপাট মঙ্গলভিছি বাসী শ্রীপান্ত্রাইগোপালের বংশধর জগদানন্দের বিরচিত। গ্রীজগদানন্দের বিশেষ পরিচয় না পাওয়া গেলেও মঙ্গলভিহিবাসী শ্রীনয়নানন্দ ঠাকুরের বিরচিত শ্রীপ্রেয়োভক্তি রসার্গব গ্রন্থে নয়নানন্দের পরিচয় প্রসঙ্গে বর্ণন যথা—শ্রীপান্ত্র্যা গোপাল শিষ্য কাশীনাথের পাঁচ পুত্র— অনন্ত, কিশোর, হরি-চরন, লক্ষ্মন ও কান্ত্রাম। কান্ত্রামের পুত্র গোপাল চরনের তুই পুত্র গোকুলানন্দ ও নয়নানন্দ।

স্থন্দরানন্দ গোপাল বিষয়ে কবি কর্ণপুর বিরচিত শ্রীগোরগনোদ্দেশ দীপিকা গ্রন্থের ১২৭ শ্লোকের বর্ণন

"পুরা স্থদাম নামাসীদদ্য ঠাকুর স্থন্দরঃ ॥" শ্রীপাট পর্য্যটন গ্রন্থের বর্ণন—

হলদা মহেশপুর স্থন্দরানন্দের বাস। স্থন্দরানন্দ পূর্বে স্থদাম জানিবা নিশ্চয়॥

বংশী শিক্ষা গ্রন্থের বর্ণন— শ্রীস্থন্দরানন্দ বন্দ স্থদাম আখ্যান। হালদা মছেশপুরে যার অবস্থান।

শ্রীটেততা চল্রোদয় গ্রন্থের দ্বিতীয় দর্শনের বর্ণন—
স্থদাম স্বরূপে হয় শ্রীস্থলরানন্দ।
মহাঅনুভব রসে হয় ভবানন্দ॥
জান্ধিরের গাছ হইতে কদম্বের ফুল।
স্থই কানে পরিয়া রূপ দেখাইলা নিস্তল॥

শ্রীকৃষ্ণভক্তি রস কদস্ব গ্রন্থের বর্ণন

ঠাকুর স্থানর পূর্বে স্থানা গোপাল।
রামকৃষ্ণ প্রিয় সথা রঙ্গিয়া রাথাল।

এবেই শ্রীনিত্যানন্দ চৈতক্ত প্রিয় অভি।
কলিযুগে ভার নাম স্থানর থেয়াভি।

#### प्तिवकी मामक्छ देवस्वव वन्त्रनाय-

স্বন্দরানন্দ ঠাকুর বন্দিব বড় আশে। ফুটাল কদম্ব ফুল জাম্বিরের গাছে॥

ঞ্জীচৈতন্মগনোদ্দেশে জ্ঞীকৃঞ্দাস কবিরাজ গোস্বামীর বর্ণন

স্কাম বলিয়া যার পূর্বনাম ছিল। গঙ্গাপার মহিশপুর উদয় করিল॥ স্কানন্দ ঠাকুর এবে নাম হৈলা। কৃষ্ণনাম জীবে দিয়া কৃতার্থ করিলা॥

শ্রীস্দানের পরিচয় বিষয়ে শ্রীপাদ রূপ গোস্বামী বিরচিত লঘু শ্রীশ্রীরাধাকৃষ্ণ গনোদ্দেশ দীপিকা গ্রন্থে ৪০-৪১ শ্লোকের বর্ণন—

ঈষদেগীর স্বুদামা চ দেহকান্তির্মনোহরা।
নীলবন্ত্র পরিধানো রক্মাভরণভৃষিতঃ॥
পিতা চ মট্বকো নাম রোচনা জননী ভবেং।
স্বৃক্রিশোর বয়োবেশ্য ন নাকেলিরসোংকরঃ॥

স্দামের পিতা মট্ক, মাতা রোচনা, ঈষৎ গৌরবর্ণ, নীলবর্ণ বস্ত্র পরিধান, ভাতা বিদয়া

পানুয়া গোপাল স্কুরানন্দ গোপালের শিষা— আলোচ্য গ্রন্থে তাঁর সম্পর্কে বিস্তারিত বিবরণ রহিয়াছে।

ভার বিষয়ে চল্লোদয় গ্রন্থের বর্ণন—

মন্দিরে বর্ত্তভেষদ্য শ্যামস্কর বিগ্রন্থ: ।
পর্ণ বিক্রয় জব্যেন পূজা যেন কৃতাপুরা।
ধবনারং কৃতং পূজাং ব্যাত্তে মন্ত্রপ্রদায়কম্ ।
তং নভা পর্নিগোপালং ক্রিয়তে পৃস্তকং ময়॥

#### শ্রীপ্রেয়োভক্তি রসার্ণব গ্রন্থের ১০ পরিচ্ছেদের বর্ণন—

পানুষা গোপাল হন গোপালের গন॥
তাহার মহিমা খ্যান্ত আছে সর্বজনে॥
ব্যান্তে হরিনাম মন্ত্র দিলা যে কাননে।
খোনকারের খানা অর কৈল পুষ্পময়॥
যাহাকে স্পর্শি চোরগন পথে অন্ধ হয়।

#### ঞ্জীকৃষণভক্তি রসকদম্ব গ্রন্থের বর্ণন—

ঠাকুর স্কর পূর্বে স্কাম গোপাল।
রামকৃষ্ণ প্রিয় সথা রক্তিয়া রাথাল॥
এবেহ জ্রীনিত্যানন্দ চৈতক্ত প্রিয় বিজ্ঞ ।
কলিযুগে তাঁর নাম স্কর থেয়াতি॥
তাঁর প্রিয় পাত্র পনিগোপাল মহাশয়।
জগতে তাঁহার কীর্তি ব্যাত্র শিষ্য হয়॥
যবনের অয় যিহো পুপাজাতি কৈল।
যাঁকে স্পর্শি চোরগন পথে অয় হৈল।
পর্ণ বেচি কৃষ্ণসেবা করিয়া নিতি নিতি।
শিরঃস্পর্শ নয় বোঝা চলে উর্দ্ধগতি॥
কৃষ্ণবলরাম যার বশ প্রেমগুনে।
তাহার মহিমা গুন কে বর্ণিতে জানে॥

ঞ্জীশ্যামচন্দ্রোদয় গ্রন্থে আত্ম পরিচয় প্রসঙ্গে তাঁহার বর্ণন —

ঠাকুর কহেন, আমার পিতার মনসূখ হয়॥
উত্তম ব্রাহ্মন কুলেতে জনম পরম ওপস্বী হন।
হস্মানে চড়ি, রামচন্দ্র আসি বারে দেন দরশন॥
ঠাকুর স্কুন্দর মোরে কুপা করে তাহার বিববণ শুন।
পুকুষা নামেতে একটি পুন্ধনি গ্রামের প্রেভে রন॥

ভাহার ঘাটেতে কদস্ব ঘণ্ডিতে বৈসা সুন্দরানন্দ।
কুপাকরি প্রভু সেখানে বসিয়া আমারে দিলেন মন্ত্র॥
সঙ্গেতে ভাহার অনেক বৈঞ্চব আসিয়া আমার ঘরে।
দাদশ দিবস করে মহোৎসব আমন্যা সকলে করে॥
আমার গৃহিনী লক্ষীপ্রিয়া আর ভগিনী মাধবী নাম।
এই তুইজনে ঘরে রহি করে শ্রীকৃষ্ণ মন্ত্র প্রদান॥
ভের বৎসরেতে হুঞা দোহার শ্রীকৃষ্ণ চরনে রতি॥

শ্রীকৃষ্ণ বিলাস গ্রন্থের রচয়িতা শ্রীগোণাল দাস স্করানন্দ গোপালের শিষ্য। এই গোপাল ও পানুয়া গোপাল এক কিনা বিচার্য্য। শ্রীবিগ্রহ প্রাপ্তির আগে তাঁহার নাম শুধু গোপাল ছিল। শ্রীকৃষ্ণ বিলাসেব ১ শ্লোক—

বন্দে শ্রীস্কানন্দং সিগ্ধ স্কার বিগ্রহম্। জৈলোক্য নয়নানন্দং সানন্দং প্রেমদং গুরুং॥ গ্রন্থং শ্রীকৃষ্ণ বিলাসাখ্যং প্রেমভাব প্রকাশকং। প্রোক্তং গোপাল দাসেন সহবৈঃ শ্রবনোৎস্থান॥

জ্রীকৃষ্ণ বিলাস গ্রন্থের সমাপ্তি কাল বিষয়ে বর্ণন—

প্রেমায়ত মহাসিদ্ধো তব্তাব প্রকাশক:। প্রোক্তঃ শ্রীকৃষ্ণ বিলাস কৃতী দীন গোপাল দাসক:॥ শাকে জলনিধি শশভদান স্থধাংশৌ প্রয়ন্থ বাহুল্যাদয়ং। গ্রন্থ শ্রীকৃষ্ণ বিলাসে বিহিতঃ শ্রীমৎ গোপাল দাসেন॥

১৫১৭ শকাব্দে জ্রীকৃষ্ণ বিলাস গ্রন্থথানি সমাপ্ত হয়।

### भीसी गाम हिसा ह्या

্ গ্রীস্থন্দরানন্দ গোপালের শিষ্য পান্নুয়া গোপালের বংশধর শ্রীজগদানন্দ পণ্ডিত কর্তৃক বির্নচিত।)

নারায়ণং নমস্কৃত্য নরকৈব নরোত্তমম্।
দেবীং সরস্বতীকৈব ততো জয়োমূদীরয়েৎ।
মন্দিরে বর্ততে ষস্য শ্রামস্থন্দর বিগ্রহঃ।
পর্ব বিক্রয় জব্যেন পূজা যেন কৃতাপুরা।
ধবনারং কৃতং পুষ্পং ব্যাত্রে মন্ত্র প্রদায়কম্।
তং নতা পর্ণিগোপালং ক্রিয়তে পুস্তকং ময়া।

জয় জয় ভকতবৎসল গ্রামন্টাদ।
পুরুবে নন্দের গৃহে, বোঝাবাহিকরপে
এবে পিরীভে বহে পান॥ >
তার বিবরণ শুন, সন্মাসী একজন,
গ্রামন্টাদে মাথে করি ফিরে।
আসিয়া মঙ্গলভিহে, বৈসে পণ্ডিত গৃহে,
সেদিনে পণ্ডিত সেবা করে॥ ২
সেবা অবসরে বসি, দিজ কহে সন্মাসী,
ভব পাশে প্রয়োজন আছে।
পণ্ডিত সন্মাসীকে কহে, আছেন মঙ্গলভিহে,
গোপাল ভাকিয়া দিয়া কাছে॥ ৩
আসিয়া গোপাল তখনি, নমঃ নারায়ণ বলি,
সন্মাসীর নিকটে বসিলা।

শ্রীকৃষ্ণ প্রসন্ম হন, দোহে প্রেম আলিঙ্কন,
ভূইজনে মিত্রতা করিলা॥ ৪

भागमहारम्य पृष्टि इय, जतमान विश्वय, প্রণিপাত প্রনাম করয়। ভদবধি রাজাপদ, লুক গোপালের চিত, নেত্রে জল বার বার বয়॥ ৫ ঠাকুর সন্যাসীকে কন, কোন দেশে পুর্বাশ্রম, কোন দেব কর উপদেশ। এ ছেন মোহন মূৰ্ত্তি, তুমি বা পাইলা কতি কহ মোরে সকল বিশেষ॥ ৬ সন্মাসী গোপালে কন শুন মোর গৃহাশ্রম কহি শ্যামচান্দের প্রসঙ্গ। কহিতে কহিতে সন্ন্যাসী কৃষ্ণপ্রেম সিন্ধু ভাসি প্রেমধারা পুলকিত অন্ধ॥ ৭ যজ্ঞেতে শ্রীদামচাঁদে ভায়া লাগি অর মাগে अन्नमादन यञ्जलेषीत्रात । অন আনি করি হাতে যায় গ্রীদামের সাথে কুললাজ ভয় নাছি মানে॥ ৮ नव नव विकवध् यानमन मूथविध् টলমল গমন স্থঠাম। প্রেমধারা তুনয়নে প্রবেশহ সেই বনে যেখানেতে কৃষ্ণ বলরাম॥ ১

১) মঙ্গলভিহিঃ হাওড়া ষ্টেশন হইতে বৰ্দ্ধমান বরাকরের মধ্যবর্তী খানা ষ্টেশন। খানা সাঁইধিয়ার মধ্যবর্তী বোলপুর ষ্টেশন। তথা হইতে বোলপুর সিউড়িগামী বানে পাড়ুই মামিয়া অন্ত বাসে বা রিক্সায় ৩-৪ মাইল দুরে মঙ্গলডিহি অবস্থিত।

আদি দরশন পাই, দেখি নয়ন জ্ড়াই
খেত শ্যামল তুই চান্দ।
নারীগনে কহে প্রভু, আর না ছাড়িবা কভু
চরনে পরাণ কৈল দান॥ ১০
নব—, কর তটি জোড কবি

নব—, কর তুটি জোড় করি দিজকুলে উজ্জ্ল বনিভা।

যত মনস্তাপ ছিল, সকল দূরেতে গেল শুনি হরি মুখের বারতা ॥ ১১

তদবধি কুলধর্ম, সেই উপাসনা কর্ম্ম গতি মতি গ্রীরামকানাই।

বহুদিন গেলে কলি, সে মুনির বংশাবলী সবে ভারা কৃষ্ণ গুন গাই॥ ১২

ভার মধ্যে একজন, পরম ভক্ত হন পূর্বাপূর্ব কৃষ্ণলীলা শুনি।

তথন না হল জন্ম, না দেখিসে সব কর্ম মনে কভ অধ্যক্ষেপ মানি॥ ১৩

এইত ষমুনা ভীরে, ধরাধরি করি করে স্থা সঙ্গে কৃষ্ণ বলরাম।

রৌদ্রেতে ভাপিত হলে, নামিয়া শীতল জলে অঞ্জলিতে করিতেন পান॥ ১৪

স্লিগ্ধ যমুনার তীরে, নব নব দূর্ব্বাদলে করিতেন গোধন চারন।

সেই লীলা চিহ্ন দেখি প্রেমধারা ছটি আঁখি পরে দ্বিজ হয়ে অচেতন ॥ ১৫

মোর পূর্ব্ব ঠাকুরানী দিয়াছিলা অন্ন আনি রামকৃষ্ণ করয় ভোজন।

সেইবংশে জনম মোর সেই ব্রজপুরে ঘর কেনে না পাইয়ে দরশন॥ ১৬ यम्ना कृत्यत्र श्रिया, देशत इटेल प्या बीकुरकत लाहे पत्रभन। তা ৰুঝি যমুনা কূলে সভত বতন লয়ে যমুনাকে পূজয়ে ব্ৰাহ্মন ॥ ১৭ হেদেগো যমুনা মাভা তুমি দিবাকর সূতা শ্রীনন্দ হুতের প্রিয়তমা। কেমনে পুজিলে তাই হরি দরশন পাই পূর্ণ কর মনের বাসনা॥ ১৮ ধূপ দীপ উপচার মধুপর্ক অর্ঘ্য আর সুগন্ধি চন্দন দিল জলে। নানাবিধ পুষ্পাঞ্জলি স্রোতে বহি যায় চলি **छेलप्रल १४वन शिट्लाला ॥ ১৯** ভাহাতে যমুনা মাভা প্রসন্ন হইল সেপা खर्श प्रशा जिल मृखि धति। নানাজাতি অলহার বিচিত্র বেশর হায় রূপবভী পরম সুন্দরী॥ ২॰ ঘাগর উড়নি শাড়ী হৃদয়ে কাচলি পরি नववशाः ज्रास्त्र विद्यातिनी । যমুনা কহমে দিজ যে লাগি আমারে ভজ কার্য্যসিদ্ধি করি দিব আমি॥ ২১

এবে নছে লীলার প্রচার। ব্রজের দ্বাদশ বন করহ পরিষ্টন পাবে হরি শ্রীনন্দকুমার। ২২

কিন্ত বিগ্ৰহ ৰূপে প্ৰভু দর্শন পাৰে

মনে ভারে দিজবর, ত্রজে সেব্য গোপেশ্বর, এই আজা তেঁহ করা ছিল। তুই আজ্ঞা এক হৈল মনের সন্দেহ গোল প্রনিপাত সাষ্টালে করিল॥ ২৩ বিদায় হইল বিপ্র গমন করিল শীঘ চৌরাশি ক্রোশেতে ব্রঞ্জে ফিরে। ঝোর ঝকন কত প্রবৈশে সঙ্কট পথ বক্সস্থল তাহার ভিতরে॥ ২৪ স্থল অতি স্নশীতল নানাজাতি পুষ্পাফল পল্লব কুত্বম আচ্ছাদন। একটি ভাহার মাঝে শ্যাম বিগ্রহ আছে ত্রিভঙ্গ ভঙ্গিমা স্থমোহন ॥ ২৫ বিগ্রহ স্থন্দর হন স্থমাধুরী স্থগঠন তনেছি যমুনার মুথে। বহু তুঃখ প্রভু পায়া মনে উলসিত হয়া घरत नया याय दिन स्टब ॥ २७ হাড়িয়া সংসার সুখ করিয়া সুসার ব্ঝ कामा बत्न वाम देकन। একাশি পুরুষ ধরি তারা সবে সেবা করি मकरन बीकृष्य शहिन ॥ २१ আমি অবশেষে হইয়া দুসন্ম্যাসী বিদেশে ভ্রমিয়া ফিরি। পিতৃপুক্ষের সেবাটি আছিল ভাহাতো ছাড়িতে নারি॥ ২৮ — काटन शतिहय मिन যত সেবা উপাসনা ধর্ম।

ব্ৰজবাদী দ্বিজ কুলেতে জনম এখন ভ্ৰমন ধৰ্ম॥ ২৯ সেই মোর পূর্ব ঠাকুরানী গনে ভজয়ে রামকানাই। সেই হৈতে মোর কুলের দেবতা রামকৃষ্ণ ছুটি ভাই॥ ৩॰ পূর্ব পরিচয় দিয়া সেইত সন্মাসী কহে দাও পরিচয়। ঠাকুর কহেন আমার পিভার নাম মনস্থ হয়। ৩১ উত্তম ব্ৰাহ্মন কুলেভে জনম পরম তপস্বী হন। হনুমানে চড়ি রামচন্দ্র আসি যারে দেন দরশন॥ ৩২ ঠাকুর স্থন্দর মোরে কুপা করে ভাহার বিবরন শুন। পুরুয়া নামেতে একটি পুদরনী গ্রামের পূবেতে রন॥ ৩৩ ভাহার ঘাটেতে কদম্ব খণ্ডিতে বৈসা শ্রীস্থন্দরানন্দ। কুপা করি প্রভু সেখানে বসিয়া जायां कि जिन बहु। 08 সঙ্গেতে তাহার অনেক বৈক্ষৰ আসিয়া আমার ঘরে। ঘাদশ দিবস করে মহোৎসব আমাগ্রা সকলে করে॥ ৩৫

আমার গৃহিনী লক্ষীপ্রিয়া আর छिती गाधवी नाम। এই তুইজনে আমার ভবনে শ্রীকম্ব মন্ত্র প্রদান। ৩৬ তের বংসরেতে হয়া দোহার শ্রীকৃষ্ণ চরনে মতি। সন্যাসী কছয়ে অল্ল বয়সে হইল এমন রীভি॥ ৩৭ তাহাতে সন্ন্যাসী আশ্চর্যা লাগয়ে नवीना छूछि नाती। তবে শামচাদে দিবস কয়েক ছেধা রাখি তীর্থ করি। ৩৮ যতন করিয়া সময় ব্ঝিয়া প্রভুর দিবেক ভোগ। কুষ্ণদেবা যোগ্য ইহারা উত্তম বটেন ভিনটি লোক॥ ৩৯ তা বুঝি সন্যাসী গোপনে কহয়ে বচন রাখহ তুমি। চারি মাস লাগি সেবাটি যোগাহ मौनाहल यारे जामि॥ 80 ঠাকুর কহেন তথাস্ত বচন मभामी जाँ निम जाय। হেন শ্যামচান্দ ভোর গোষ্ঠা বিনে সোঁপিয়া যাইব কায়। ৪১ পুনশ্চ সন্ম্যাসী কহে মিভা মোর वात এक कथा अन्।

অতি যোগ্য যদি ভোমার বাড়ীতে কৃষ্ণ সেবা নাছি কেন॥ ৪২ ঠাকুর কহেন শুনহ সন্যাসী যে কারনে নাছি সেবা। পূর্বেতে আমারে ঠাকুর স্থন্দর যথনে করিলা কুপা॥ ৪৩ প্রভুর সাক্ষাতে কৃষ্ণ সেবার লাগি निर्वापन देवल यरव। তাতে প্রভূ মোরে করিলা বারন সেবা ঘরে বসি পাবে ॥ 88 গ্রীগুরু আজ্ঞাতে সেবা না করিয়ে শুন হে সর্নাসী মিতা। কত দিনে কুপা করি আসিবেন সেই প্রভূ মোর কোপা ? ৪৫ সন্যাসী তাহা গুনি মনে মনে গুনি কি জানি আমাকে ফলে। আমার কপালে আগুন লাগে বা थीति धीति किति वरन ॥ ४७ এ কথা শুনিয়া সেবা পরে দিয়া বিদেশেতে ঘাইতে নারি। এক একবার ভীর্থ যাতা করি এক একবার ফিরি॥ ৪৭ এখা বা আমি সেবা সমর্গিল कि वनि अथन निव। স্বকাষ্য লাগিয়া বন্ধুত্ব করিয়া কেমতে জবাব দিব ? ৪৮

ঘুরিয়া ফিরিয়া আসিয়া সন্ন্যাসী (इँ माथा कति थाका। অবসর বৃঝি সুধীর ৰচনে ঠাকুর কহেন তাঁকে॥ ৪৯ শুন মিতা মোর সন্যাসী গোঁসাঞি ফিরিয়া আইলা কেনে। সন্যাসী কহেন ভোমার কথাভে मत्मह इरेन मत्न॥ १० ভাহাতে ঠাকুর কহেন গুন ভ এ कथा मत्न कि नारम। ষাগার দেবতা তাহারে ত্যজিয়া आतात निकारे थाक । a> একে সে এদেশ মংল্যগ্রাহী লোক উষ্ণান্ন সকলে খায়। ভাহাতে এ গ্রাম দধি তৃগ্ধ হীন স্থান সে কর্কশ প্রায়॥ ৫২ কি গুনে এখানে ভোমার শ্যামচান্দ আমার বলে রছিবে ? কিছু চিস্তা নাহি সন্মাসী গোসাঞি वामि भागमहात्म भारत ॥ ৫৩ বাক্যে তৃষ্ট হয়া তখন সন্যাসী তীৰ্থ করিবারে ৰাম। पिक्रिन व्यविध व्यात शूर्व किक ভ্রমন করিলা প্রায়। ৫৪ নীলাচল গঙ্গা সাগর সঙ্গম বানোয়া কুগুকে ফিরি।

জয়ন্তা ভবানী ত্রিপুরা কামাখ্যা मकन ज्यम कति॥ ৫৫ ठांति मान विल नजाानी याहेन वरमत विश्वा शिल । वृशि भगामहान्य कृशो देकन भारत मत्नर् छेन्य इरेन ॥ ८७ এতদিনে চলে কোনৱপে দেবা আখের লাগিয়া ভাবে। পর্ণের ব্যাপার সদ্ভকরন করিব নিশ্চিত ভাবে। ৫৭ গ্রামের নৈখতে পর্ণলভা গড়ি বাড়ুই আনিয়া সোঁপে। পনের দিবসে বর্জ হিইল দেখি সৰ্বলোক কাঁপে ৷ ৫৮ সেই বরজের এক বোঝা করি পান নিতি নিতি লয়া। সেবার কারনে ঠাকুর গোপাল। विप्तत्म (वटहन यात्रा॥ ८० সেইদিন হইতে পানুয়া গোপাল নামটি লোকেতে বলে । শ্যামচান্দ তার বোঝাটি বহেন তেঞি আলগোছে চলে॥ ৬• পঞ্কোটে পথ পঁচিশ ক্রোশ সে নিতি যাতায়াত করেন পান বিকি করি দশমশু মাঝে সেবা করে আসি ঘরে॥ ৬১

পান বেচা ধন বান্ধিতে দ্বিগুন পথে চত্গুৰ হয়। ঘরে আদি ধন হয় শতগুন লোকে ত আশ্চর্যা কয়॥ ৬২ ভাহার গৃহিনী লক্ষীপ্রিয়া দেবী ভাবে ত্রব্য কত করে। দধি ত্থা আদি বিবিধ মিষ্টান পরিপূর্ণ হয় বরে॥ ৬৩ প্রাত্তংকালে ছানা সন্ত্যায় শীতল माम्यी ममस कल। শর্করা মিঠাই প্রান জুড়াইয়া কপুর বাসিত জল॥ ৬৪ কিঞ্চিৎ ভোগের বিলম্ব হইলে नन्दीविद्या ठाक्तानी। মোর শ্যামচান্দ কুধায় পীড়িত द्यत्य मुथ्यानि । ७० কখনো কখনো ভাহারে স্থপনে भागामहान्य करह कथा। কাল সকালেতে ক্ষীর খাওয়াইবে শুন লক্ষীপ্রিয়া মাতা॥ ৬৬ যশোমতী যেন পালে নলালালে मिंदे तम अशादन मिशि। त्योभनोत त्यन त्रक्षन छेथरण गारेशा जीकृष स्थी। ७१ मिर्वाश नामी जानल कराय नमञ्ज्य विद्या (नवा।

ঠাকুর যেমত ঠাকুরানী তেন তেঞি হোল দোঁহা কুপা॥ ৬৮ এইরপে চারি বংসর সকলে প্রিয়পদ সেবে। অতীৰ আনন্দে অক্রুর স্বরূপ সন্নাসী আইল ওবে॥ ৬৯ তাহাকে দেখিয়া চমকিত হয়া অঙ্গ কাঁপে থর থর। সেবাকার্য্য যত হইল রহিত অবশ হইল কর॥ ৭॰ কাল্সংয় পানুয়া তাহার ঘরনী ভগিনী মাধ্বী লতা। মঙ্গলডিহি হৈল হাহাকার শুনিয়া বিষম কথা।। ৭১ আরতি সময়ে আসিয়া সন্যাসী বসেন প্রভুর কাছে। বুঝিয়া ভাহাতে ভাৰয়ে মনেতে ক্ষণেক বিলম্বে কিছু স্থির হয়া পানুয়া সন্মাসীকে কয়। আজি কোপা হইতে আইলা মিতা মোর ভাল ছিলে মহাশয়। ৭৩ ক্তে ভ সন্মাসী আমি ভ বিদেশী আমারে জিজাস কি? ৰাড়ী প্ৰবেশিতে তুনি হাহাকার ভাবেতে বুরিয়াছি॥ ৭৪

ক্রোধেতে সন্ন্যাসী তনু গরগর ঘন ফিরে ছটি আঁখি ঠাকুর পানুয়া স্তব করে কভ দেখিয়া তাহা না দেখি॥ ৭৫ কত উপরোধে জলপান করে সে রাজি শুভিয়া রয়। প্রভাতে উঠিয়া মিতা মিতা বলি সন্যাসী ডাকিয়া কয়॥ ৭৬ ভোমাতে আমাতে এই ড' বিদায শ্যামচান্দে যাছি লয়া। শুনিয়া পানুয়া কান্দিয়া নিকটে वारेना - - ॥ ११ হইয়া কাত্তর জোড় করি কর थीरत थीरत किंदू कन। মোর সেব্য নন ভোমার বটেন यपि अन निर्वतन ॥ १४ দিবস কয়েক রাখ শ্যামচান্দে থাকহ করুনা করি। ষতদিন দেখি তভদিন বাঁচি আজু বেলা হৈল মরি॥ ৭৯ তাহাতে সন্মাসী অতি ক্টভাষী निर्देत वहन वटन । কোন ব্যবহার এইত বিচার কাড়িয়া লইবে ছলে। ৮॰ নন্দের মন্দিরে প্রানাধিক করি যশোদা পালন করে।

লোক ব্যবহারে প্রকট লীলাতে পশ্চাতে রাখিতে নারে ॥ ৮১ পরের বিগ্রহ আপন বলিয়া কেমতে রাখিতে চাহ। তেঞি বলেছিলে শীঘ্র করি মিতা তীর্থ করিবারে যাহ। ৮২ निर्वृत महाामी नया नाहि वामी भागमहात्म मार्थ कति। তা দেখি ঠাকুর পানুয়া তখন তরু আছাড়িয় পড়ি॥ ৮৩ नक्ती विश्वा शक्तानी मन्त्रामीत চরনে পডিয়া পাকে। ছরি যায় মধু পুরে যেন গোপী পড়েন রথের চাকে ॥ ৮৪ অুত চলে করি দশুবারি কমণ্ডুল সেই শ্যামচান্দে মাথায় করিয়া। ঠাকুর পাত্য়া তার পশ্চাৎ কাঁদিয়া যান তব मह्यामी ना प्रत्थ कित्रिया । ৮৫ শুন এক নিবেদন দাঁড়াহ রে একক্ষন আর একবার শ্যামে দেখি। সন্মাসী দূরেতে গেল দরশন নাহি পান মাঠে যায়া ভূমে পড়ি থাকে। ৮৬ লক্ষীপ্রিয়ার মনে দিবানিশি নাহি জানে পড़ियां कान्मरय मिटे मार्छ। যতেক গ্রামের লোক পড়ি কান্দে করি শোক কেহ কেহ প্রবোধে নিকটে। ৮৭

বৃদ্ধ বালক যত কান্দে কুলবধূ কভ সন্যাসীতে লয়া গেল প্রান। শামরা গ্রামের লোক এত যদি পাল শোক ইহারা কতেক শোক পান।। ৮৮ কান্দে লন্দ্রী ঠাকুরানী কে মতে বাঁচে পরানী ना इटेल প্রানের ধারন। যেমতে অক্রুর আসি মোর সেই সগ্নাসী। প্রান লয়া করেন গমন॥ ৮৯ কোপা মোর শ্যামচান্দ দেখা দিয়া রাথ প্রান পানুয়ার গোষ্ঠীসহ কান্দে। না দেথিয়া ছিলাম ভাল দেথিয়া পরান গেল এত जुःश पिटन भाग्रिकात्म ॥ २° এই মতে শোক করি মাঠেতে আছেন পড়ি গ্রামি লোক ধরি আনে ঘরে। শ্যামশোকে অনুরাগী আঞ্চিনাতে পড়ে থাকি সবে ভারা উপবাস করে॥ ১১ সন্মাসীর মাথে চড়ি শ্যামচান্দ হৈলা ভারি সন্মাসী বলে চলিতে না পারি। पि इक्ष इटड इहे वृति देशा भाजू देशू है তেঞি আমি চালাইতে নারি॥ ১২ মনেতে করি অনুমান বহুদূরে নাহি যান তুই ক্রোশ পথ মধ্যে রয়। "হেদে इंड मह्यामी वाभि वाहि छेनवामी" শ্যামচান্দ স্বপনেতে কয় ॥ ৯৩ "তাহারা আমার লাগি, শোকে অন্ন-জল ত্যাগী৷ সবে তারা উপবাসী আছে।

ভাহার লাগিয়া মোর ব্যাকুল হয় অন্তর শীঘ্র লঞা দেগা তার কাছে। ১৪ এই দেখ প্রেমডোরে বন্ধন ত্ইটি করে চলিতে না পারি এক পা।" এ কথা শুনিয়া সন্মাসী মনে অভি তৃঃখ ৰাসী ত্রাদেতে কাঁপয়ে তার গা। ১৫ এইব্রপে তিনবার স্বপ্ন দেখে চমৎকার উঠি উঠি সন্যাদী করে ছপ। পশ্চাত বৃঝিল ভাহে স্বপ্ন ভৌত্তিক নহে তখন — — স্তব্। ৯৬ এই অপরাধ দেখি পর ঘরে প্রভু রাখি গিয়াছিলাম ভীর্থ করিবারে। স্বেচ্ছাময় বট তুমি ব্ৰিতে না পারি আমি চল প্রভূ পারুয়ার ঘরে॥ ৯৭ শ্যামচান্দ করি মাথে মঙ্গলভিহির পথে . महाां भी रम थीरत थीरत यात्र । পানুয়া অঙ্গনে পড়ি দেথিয়া দয়াল হরি স্বপনেতে ধরিয়া উঠায় । ১৮ আমি ৰাছি ঘরে ফিরি তুমি আইস আগুসরি গ্রামের ঈশান পাশ পথে। भून मह भून मह करा <u>यह अन्न मिथा।</u> नव লাগ পাবে পথেতে আসিতে॥ ১১ ভারপর লক্ষীপ্রিয়া ভূমিওলে ছিল শুইয়া স্বপদেতে তারে কয় কথা। বালক কপেতে গলে ধরিয়া বসিয়া কোলে খাইতে দেগো লক্ষীপ্রিয়া মাতা। ১০০

ধরি রাথে সর্গাসী আজি আমি ডিপবাসী তমি মোর তত্ত্ব না করিলে। পাত্রয়া অর্জিত ধন তোর হস্তের রক্ষন তা বিনে উপাসী আছি বলে॥ ১০১ ফিরিয়া আসিছি আমি সামগ্রী করহ তুমি গোপালে পাঠাহ মোরে নিতে 1 নিজা ভাঙ্গিলে দোঁহে নিজ নিজ স্বথ কছে কাঁদি পড়ে কছিতে কছিতে। ১০২ কহে লক্ষ্মী ঠাকুরানী আনিবারে বাহ তুমি সকালে ঠাকুর মহাশয়। পূর্ণ কলস করি লক্ষীপ্রিয়া বামে ধরি পারুয়ার গুভ যাতা হয়॥ ১০৩ অল্প জ্যোৎস্থা রাজি আছে ধাইয়া শৃগাল কাছে বামে গেল দক্ষিনেতে গাই । অর্থ্বেক পথেতে ঘাইতে সেই সন্ন্যাসীর মাথে শ্যামচান্দে দরশন পাই॥ ১০৪ সন্যাসী কহে নিজ কথা স্থপনে দেখিছি সেধা ডেঞি আমি আসিল ফিরিয়া। ালক কে পানুষা গোপাল কন মোরে সেই স্বপ্ন হন আইলাম ত্রিতে ধাইরা॥ ১০৫ সন্ন্যাসী স্তব ক্রুরে কত তুমি মিতা ভাগ্যবস্ত যাইয়া, আনন্দে কর সেবা যত। গ্রামের নিকটে আইল লোক শুনিবারে পাইল বৃদ্ধ যুবা বালক ধায় কত। ১০৬ কেহো তব দিতে ধায় বরে লক্ষীপ্রিয়া মায় তোর শ্যামচান্দ আইল ফিরি।

শুনি কত উলসিত তনু হয় পুলকিত

মঙ্গল সামগ্রী সম্ভার করি ॥ ১০৭

থালে দূর্বা ধান্ত কড়ি গো-ঘৃতে প্রদীপ ভরি

চৌদিকে বেড়িয়া ফুল ফল।
গ্রামবাসী যত নারী লক্ষীপ্রিয়া দেবী বেড়ি

কারো কক্ষে কলস জল॥ ১০৮

রামচন্দ্র বনবাসে ফিরিয়া অযোধ্যা আইনে কৌশল্যা আনিতে যেন যান।

তেমতি সে লক্ষীপ্রিয়া আনন্দ পাধার হিয়া কতদ্রে মোর শ্যামচানদ ॥ ১০৯

দ্রে সেই গ্রামকৃলে স্থমকল হুলাহুলি শ্যামচান্দ পানুয়ার মাথে।

পাছেতে সন্মাসী যায় কারো পানে নাহি চায় হেঁট মাথা কান্দিতে কান্দিভে। ১১°

চাঙ্গী বনমাল। নাচে শিঙা বেনু শব্দ বাসে কাংস করতাল মুদক।

মঞ্ল চামর করে ছ**ন্তা**ক মস্তক ধরে আড়ানিতে আচ্ছাদয়ে অঙ্গ ॥ ১১১

লক্ষী দেয় জলধারা গ্রামের জীলোক ভারা সভে মেলি দেয়ত হলতি।

গালে দিয়া দ্বা ধান ছড়াইয়া পুস্পবান সন্দেশ মিষ্টার নানাজাতি। ১১২

রামচন্দ্র পাটে বসি অযোধ্যা নগরে আসি ভেমতি বসিলা শ্যামচান্দ্র।

ভাকিয়া সধনা যত তৈল হরিছা কভ দিয়া নালা চন্দন প্রাগ ॥ ১১৩

শ্যামচান্দ আল্যাঘরে মহামহোৎসব করে গোপাল পানুয়া মহালয়। কভ ক্ষীর পরমাগ্র বিবিধ ব্যঞ্জন অর ठोक्तानी तक्तन कत्र ॥ ১১৪ ষত করে রন্ধন বাড়য়ে সহস্র গুন তরকারী তুই চারি শাক। কত জাতি রান্ধে স্প চাঁছি ভরি ঘৃতে পূপ নারিকেলে ভরে পিঠা পাক ॥ ১১৫ স্থান্ধিত ভিন চারি ঝাল বাঞ্জন করি বৃভি দিয়া মুকুলের কোড়া। করিয়া বার্ত্তাকুচাকী আটা মাখি ঘৃতে ছাকি পাৰিফল রম্ভা চাকা বড়া॥ ১১৬ আম ভিজায়া তুখে সর্করা কয়েক ভাথে আমচুর ছেওটি অম্বল। ভোগ দজা করি লক্ষ্মী প্রভুর সাক্ষাতে রাথি थरत थरत राज्यन म्कन ॥ ১১१ শ্যামচান্দে ভোগ দিয়া কভ লোকে খাওয়াইয়া मःकीर्जन मण्यूर्व कत्रत्। পান্থরা আনন্দ করি ছড়ায়ে হরিজা দধি **চ**जूमिंदक इतिश्वनि इयु॥ ১১৮ তাহা দেখি সন্যাসী মনেতে বিশ্বয় বাসী পানুয়াকে ধন্ত ধন্ত বলি । ধক্ত তোর পিতৃগন বার কুলে জন্ম হন थर्ग **भा**क्कूटलत मक्लि॥ ১১৯ ধন্য এই দেশপতি ্যার দেশে তোর স্থিতি ধন্ত তোর বসতি ধরণী।

ধতা সে গোপাল নাম যার প্রেমে বন্দি শ্যাম লন্দ্রীপ্রিয়া যাহার ঘরনী ॥ ১২ • নিজ তনু ধনজন শ্রীচরৰে সমর্পন করিয়া পানুয়া তুমি বক্তা। শ্যামচান্দ যার গৃছে আপনি আদিয়া রহে ত্মিত ভক্ত অগ্ৰগন্য। ১২১ আমি নরাধম বটি আমার হইল ক্রটি শ্যামচান্দ ছাভিলেন মোরে। যে একাশি পুরুষের তেৰ শ্যামচান্দ মোর निर्व जानि पिन शत घरत ॥ ১২২ वृषार जामात जम वृषार मन्। म धर्म त्था त्यात व नव वारम। পূর্বাপর মোর ঘরে যে প্রভু বিরাজ করে বেঅকত এতদিনে হন ॥ ১২৩ সকল তপস্যা বুধা বুধাই মুগুন মাধা কান্দিয়া কান্দিয়া সন্মাসী কয়। সেই প্রভু দেব হরি আমার মন্তকে চড়ি আসিয়া পরের ঘরে বয় 🛊 ১২৪-বিদায় হঞা সেথা শ্যামচান্দ আছে যথা

গলায় বসন দিরা শ্যানচান্দ পানে চায়।
প্রেমবাদল আঁথে তাসি॥ ১২৫
যারে তুমি ভালবাস তাহার পরান নাশ
গোপীগন তাহাতে প্রমান।
মুরলীর রন্ত্রগানে বিষম কুত্রম বানে
দুরে থাকি বধহ পরান॥ ১২৬

मन्प्रशिष्ट माँ पात्र मनामी।

একে সে অবলা নারী বভনে পিরিভি করি
বিনি দোষে ভাহারে ভেজিলে।

যদি বা মথুরা গেলে প্রকটেতে নাহি আইলে
ভাহারে পাধারে ভাসাইলে॥ ১২৭
নন্দ ঘোষ যশোমতী অভি স্লেহে ভোর প্রভি
প্রানের অধিক বট ভার।
সেই সব স্লেহ ছাড়ি গেলে তুমি মধুপুরী
বুন্দাবন করি অন্ধকার॥ ১২৮
স্থগ্রীবে মৈত্রভা কৈলে বিনা দোষে বালি বধিলে
সেই বালি ছিল ড' ভকত।
কহাইয়া মিধ্যা কথা জোনাচার্য্যের মাধা
কাটাইয়াছ জগৎ রিখ্যাত॥ ১২৯

-: সমাপ্ত :-

#### थकाषिक वृद्याच-

শ্রীস্থলরানন্দ গোপালের শিষ্য শ্রীপাট মঙ্গলডিছিবাসী পানুয়া গোপালের শিষ্য কাশীনাথের পুত্র কান্ত্রামের পুত্র গোপাল চরনের পুত্র নয়নানন্দের বিরচিত—

# ं सीसी(सरशां**णि** त्रमानंत"

ইছা সখ্য ভাবাশ্রয়ী সাধকগনের লীলা স্করণের বিশেষ সহায়ক প্রস্থ। সধুর রসাশ্রয়ী সাধকগনেরও সহায়ক হবে।

## বৈষ্ণব রিসার্চ ইনস্টিটিউট হইতে শ্রীকিশোরী দাস বাবাজী কর্ত্ত্ক সম্পাদিত গবেষণামূলক ও অপ্রকাশিত প্রাচীন বৈষ্ণব গ্রন্থাবলী

শ্রীচৈতন্যডোবা পোঃ হালিসহর, উঃ ২৪ পরগনা, ফোন ঃ ২৫৮৫০৭৭৫ ১। প্রীচৈতন্যভোবা মাহাত্ম্য—দশ টাকা (শ্রীমাধবেন্দ্রপুরীর জীবনীসহ) ২। জগদ্গুরুর শ্রীপাদ ঈশ্বরপুরীর মহিমামৃত — ( শ্রীপাদ ঈশ্বরপুরীর জীবনী) পঁচিশ টাকা ৩। গৌড়ীয় বৈষ্ণব লেখক পরিচয়—(১০৮জন লেখক পরিচিতি দশ টাকা ৪। গৌড়ীয় বৈষ্ণব তীর্থ পর্য্যটন — পঁচাশী টাকা ৫। গৌর ভক্তামৃত লহরী (পঞ্চশতাধিক গৌরাঙ্গ পরিবারগণের জীবনী দশ খন্ডএকত্রে-—দুইশত ষাটটাকা ৬। শ্রীরাধাকৃষ্ণ গৌরাঙ্গ গণোদ্দেশাবলী (শ্রীরাধাগোবিদের পার্ষদ পরিচয় ও গৌরাঙ্গ পার্ষদবর্গের পূর্বাবতার বিষয়ক গ্রন্থাবলী) (ত্রিশ টাকা) ৭। গৌরাঙ্গের ভক্তিধর্ম ও চৈতন্য কারিকায় রূপ কবিরাজ (শ্রীগৌরাঙ্গের উপদেশ ও শ্রীরূপ কবিরাজের ভাবাদর্শ)—পঁচিশ টাকা ৮। নিত্যানন্দ চরিতামৃত — ত্রিশ টাকা ৯। নিত্যানন্দ বংশ বিস্তার—কৃডি টাকা ১০। সীতাদ্বৈত তত্ত্ব নিরূপণ (অদৈত প্রভুর পূর্বাবতার বিষয়ক প্রাচীন গ্রন্থ)—দশ টাকা ১১। ব্রজমন্ডল পরিচয়—কুড়ি টাকা ১২। অভিরাম লীলামৃত—ত্রিশ টাকা ১৩। সখ্যভাবের অস্টকালীন লীলা স্মারণ—দশ টাকা। ১৪। সাধক স্মরণ (অস্টক প্রণাম সন্ধ্যারতি ভোগারতি প্রভৃতি) কুড়ি টাকা। ১৫। গৌড়ীয় বৈষ্ণবশাস্ত্র পরিচয়—দশ টাকা ১৬। নিত্যভজন পদ্ধতি (বৈষ্ণবীয় পূজা পদ্ধতি, অস্টক প্রণাম, ভোগারতি, সন্ধারতি, ও অধিবাসাদি কীর্ত্তণ)—আশী টাকা ১৭। পানিহাটীর দভোৎসব— 🦿 পনের টাকা। ১৮। বিশুদ্ধ মন্ত্র স্মরণ পদ্ধতি—কুড়ি টাকা। ১৯। ধনঞ্জয় গোপাল চরিত ও শ্যাম চন্দ্রোদয় (ধনঞ্জয় গোপাল ও পানুয়া গোপালের মহিমা) পাঁচ টাকা। ২০। অন্তকালীন লীলা স্মরণ–দশ টাকা। ২১। সৌরাঙ্গ লীলা মাধুরী (গৌরাঙ্গ তত্ত্ববিষয়ক গুরুত্বপূর্ণ গ্রন্থ)—কড়ি টাকা। ২২। অনুরাগবল্লী— (শ্রীনিবাসাচার্য্য মহিমা)–সাত টাকা। ২৩। গৌরাঙ্গ অবতার রহস্য (শ্রীকৃষ্ণের ণৌরাঙ্গরূপ ধারণের বৈচিত্রময় রহস্যাদি) কুড়ি টাকা। ২৪। শ্যামানন্দ প্রকাশ-পিচিশ টাকা ২৫। সপার্যদ গৌরাঙ্গলীলা রহস্য —আশি টাকা। ২৬। প্রার্থণা ও প্রেমভক্তি চন্দ্রিকা –পনের টাকা। ২৭। নিতাই অদ্বৈত পদমাধুরী (প্রভু নিত্যানন্দ

#### শ্রীপাদ ঈশ্বরপুরী

অপ্রকাশিত ও দুংপ্প্রাপ্য বৈষ্ণব শাস্ত্র প্রচারমূলক পত্রিকাটি ত্রেমাসি ভাবে আজ টোত্রিশ বৎসর যাবৎ প্রভূত অপ্রকাশিত বৈষ্ণব শাস্ত্র গবেষণামূলক তথ্যাদি পরিবেশিত ইইয়া আসিতেছে। আপনি বাহি চাঁদা কুড়ি টাকা বা আজীবন সদস্যবাবদ এককালীন দুইশত টা পাঠিয়ে গ্রাহক ইউন। প্রাচীন বৈষ্ণব শাস্ত্র প্রচারের সহায়ক ইউন।

### বৈষ্ণব পদাবলী সাহিত্য সংগ্ৰহ কোষ

এই ত্রৈমাসিক পত্রিকায় প্রাচীন পদাবলী ধারাবাহিকভাবে চৌদ্দ বৎসর যাবৎ প্রকাশিত হইতেছে। বার্ষিক চাঁদা কুড়ি টাকা বা আজীবন সদস্যবাব এককালীন দুইশত টাকা পাঠিয়ে গ্রাহক হউন।

यांगायांग :-

শ্রীকিশোরী দাস বাবাজী, শ্রীচৈতন্যডোবা, পোঃ হালিসহর, উঃ ২৪ পরগ ফোন নং ঃ ২৫৮৫ ০৭৭৫



# শ্রীপাদ ঈশ্বর পুরীর শ্রীপাট দর্শনে আসুন



শ্রীপাদ ঈশ্বর পুরীর শ্রীপাট ও কুমারহট্ট বাসাঙ্গন



কুমারহট্ট শ্রীবাস ভবনে গৌরাঙ্গের আগমন লীলা

**अथ निर्फ्य ३-**

শিয়ালদহ / রানাঘাট রেলপথে নৈহাটী অথবা কাঁচড়াপাড়া স্টেশন নামিয়া ৮৫নং বা<mark>সযোগে</mark> হালিশহর 'শ্রীচৈতন্য ডোবা ''স্টপেজ নামিলেই শ্রীমন্দির।

বাসে শিয়ালদহ / শ্যামবাজার / বারাকপুর ইইতে ৮৫নং বাসরুটে এখানে আসা যায়।